**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা**

## সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

**সংখ্যা : ১০২/২০১৭**

**ঢাকা, বুধবার ২৪ মে ২০১৭, ১০ জ্যৈষ্ঠ ১৪২৪**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। পবিত্র ওমরাহ পালন করলেন প্রধানমন্ত্রী

২। দেশে ফিরছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা

৩। পবিত্র রমজানে পণ্যমূল্য বাড়ালে কঠোর ব্যবস্থা : বাণিজ্যমন্ত্রী

৪। আসন্ন পবিত্র রমজানে ভ্রাম্যমাণ আদালত চলবে : শিল্পমন্ত্রী

৫। সংবাদপত্র মিথ্যা প্রচারপত্র নয় : তথ্যমন্ত্রী

৬। পিটিশনের মাধ্যমে প্রতিকার পাওয়া জনগণের অধিকার : স্পিকার

৭। পবিত্র রমজানে গরুর মাংসের কেজি ৪৭৫ টাকা নির্ধারণ করে ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের মূল্য ঘোষণা

৮। রমজান ও ঈদে চাঁদাবাজি করলে কঠোর শাস্তিমূলক ব্যবস্থা নেওয়া হবে : আইজিপি

৯। প্রধান শিক্ষকের দায়িত্ব পাচ্ছেন ১৬ হাজার সহকারী শিক্ষক

১০। রামপাল বিদ্যুৎ প্রকল্প বাস্তবায়নে ইউনেসকোর সমর্থন চেয়েছে বাংলাদেশ

চলমান পাতা-২

**১। পবিত্র ওমরাহ্ পালন করলেন প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা গত ২২ মে সোমবার রাতে মক্কায় পবিত্র ওমরাহ পালন করেছেন। তিনি পবিত্র কাবা শরিফের চারাপাশে তাওয়াফ করেন এবং পরে সাফা মারওয়ায় হাঁটেন ও দৌড়ান। তিনি দেশবাসী ও সমগ্র মুসলিম বিশ্বের শান্তি, অগ্রগতি ও সমৃদ্ধি কামনা করে বিশেষ মোনাজাত করেন। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.৫), **ইনকিলাব** (পৃ.১,ক.৬), **অবজারভার** (পৃ.৩,ক.৬), **বাংলাদেশ টুডে** (পৃ.২,ক.৪), **ইত্তেফাক, জনকণ্ঠ, যুগান্তর, ইনকিলাব, ইন্ডিপেনডেন্ট, ডেইলি সান, অবজারভার, নিউজ টুডে**সহ অধিকাংশ পত্রিকা এ বিষয়ে ছবিসহ খবর ছেপেছে।

**২। দেশের ফিরছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা তাঁর চারদিনের সৌদি আরব সফর শেষে দেশের উদ্দেশে রওনা হয়েছেন। প্রধানমন্ত্রী ও তাঁর সফর সঙ্গীদের বহনকারী বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের ভিভিআইপি ফ্লাইটটি গতকাল ২৩ মে মঙ্গলবার স্থানীয় সময় বিকাল সোয়া ৪টায় কিং আবদুল আজিজ আন্তর্জাতিক বিমানবন্দর ত্যাগ করে। জেদ্দার ডেপুটি গভর্নর মোহাম্মদ বিন হামাদ আল-ওয়াফি, সৌদি আরবে নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূত গোলাম মসিহ, জেদ্দায় বাংলাদেশের কনস্যাল জেনারেল এফ এম বোরহান উদ্দিন ও সৌদি সরকারের প্রতিনিধিগণ বিমান বন্দরে প্রধানমন্ত্রীকে বিদায় জানান। গতকাল ২৩ মে মঙ্গলবার মধ্যরাতে রাত ১টা ৩৫ মিনিটে প্রধানমন্ত্রীকে বহনকারী ফ্লাইটটি ঢাকায় হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে অবতরণ করে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৮), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৩), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.১)।

**৩। পবিত্র রমজানে পণ্যমূল্য বাড়ালে কঠোর ব্যবস্থা : বাণিজ্যমন্ত্রী**

বাণিজ্যমন্ত্রী তোফায়েল আহমেদ বলেছেন, বাজারে নিত্যপ্রয়োজনীয় পণ্যের মজুত চাহিদার চেয়ে অনেক বেশি রয়েছে। সরবরাহও স্বাভাবিক রয়েছে। কোনো পণ্যের সংকট বা মূল্য বৃদ্ধির সম্ভাবনা নেই। চিনি, ছোলা, ভোজ্যতেল, ডাল, খেজুরসহ সকল নিত্যপ্রয়োজনীয় পণ্য চাহিদার তুলনায় অনেক বেশি আমদানি করা হয়েছে। চালের বাজার স্থিতিশীল রাখতে সরকার ছয় লাখ মেট্রিক টন চাল ক্রয় করছে। কোনো পণ্যের মূল্য বৃদ্ধি বা কৃত্রিম সংকট সৃষ্টির চেষ্টা করা হলে তাদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা গ্রহণ করা হবে। সরকার এ বিষয়ে সচেতন রয়েছে। বাজার স্থিতিশীল রাখতে মনিটরিংসহ সবধরনের পদক্ষেপ নেওয়া হয়েছে। টিসিবির মাধ্যমে নিত্যপ্রয়োজনীয় পণ্য খোলা বাজারে বিক্রয় করা হচ্ছে। মন্ত্রী গতকাল ২৩ মে মঙ্গলবার সচিবালয়ে ঢাকায় নিযুক্ত ব্রুনাই দারুসালাম এর রাষ্ট্রদূত হাজাহ্ মাসুরাই বিনতে হাজি মাসরির সঙ্গে মতবিনিময় করে এসব কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.৩,ক.৬), **যুগান্তর** (পৃ.৩,ক.৫), **ডেইলি সান** (পৃ.১,ক.১), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.১,ক.৩)।

**৪। আসন্ন পবিত্র রমজানে ভ্রাম্যমাণ আদালত চলবে : শিল্পমন্ত্রী**

আসন্ন রমজানে খাদ্যে ভেজাল প্রতিরোধ ও নিম্নমানের খাদ্যপণ্য ও পানীয় প্রস্তুত এবং বিক্রি ঠেকানোর ঘোষণা দিয়েছে পণ্যের মান নিয়ন্ত্রণকারী প্রতিষ্ঠান বাংলাদেশ স্ট্যান্ডার্ড অ্যান্ড টেস্টিং ইন্সটিটিউশন (বিএসটিআই)। অসাধু ব্যবসায়ীদের তৎপরতা রোধে প্রতিদিন ভ্রাম্যমাণ আদালতের মাধ্যমে অভিযান পরিচালনার কথাও বলা হয়েছে। রমজানে নিত্য প্রয়োজনীয় খাদ্যপণ্যের মান নিয়ন্ত্রণে বিএসটিআই গৃহীত কার্যক্রম শীর্ষক আয়োজিত এক সংবাদ সম্মেলনে এ কথা বলা হয়। গতকাল ২৩ মে মঙ্গলবার শিল্প মন্ত্রণালয়ে অনুষ্ঠিত এ সংবাদ সম্মেলন প্রধান অতিথির বক্তব্য দেন শিল্পমন্ত্রী আমির হোসেন আমু। শিল্পমন্ত্রী বলেন, রমজান মাসের পবিত্রতা রক্ষায় যাতে অসাধু ব্যবসায়ী ও বিক্রেতারা ভেজাল ও নিম্নমানের খাদ্যপণ্য ও পানীয় প্রস্তুত এবং বিক্রি করতে না পারে, সে জন্য বিএসটিআই অন্য বছরের ন্যায় এবারও রমজানে ঢাকাসহ সারা দেশে ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করবে। সূত্র-**যুগান্তর** (পৃ.১,ক.১), **প্রথম আলো** (পৃ.১২,ক.৪), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.১), **অবজারভার** (পৃ.১১,ক.১)।

**৫। সংবাদপত্র মিথ্যা প্রচারপত্র নয় : তথ্যমন্ত্রী**

তথ্যমন্ত্রী হাসানুল হক ইনু বলেছেন, গণমাধ্যম উসকানিযন্ত্র নয়, সংবাদপত্র মিথ্যা প্রচারপত্র নয়, আর গণতন্ত্র জঙ্গি রাজাকার-আগুনসন্ত্রাসীদের হালাল করার আশ্রয় নয়। গতকাল ২৩ মে মঙ্গলবার জাতীয় প্রেসক্লাব মিলনায়তনে আয়োজিত এক অনুষ্ঠানে তথ্যমন্ত্রী এসব কথা বলেন। গণতন্ত্র ও গণমাধ্যমের পবিত্রতা এবং স্বচ্ছতার কথা তুলে ধরে তথ্যমন্ত্রী বলেন, বায়ান্নর ভাষা আন্দোলন, উনসত্তরের গণ-অভ্যুত্থান, একাত্তরের



মুক্তিযুদ্ধ, নব্বইয়ের গণ-আন্দোলন এবং সাম্প্রতিককালে জঙ্গি ও আগুনসন্ত্রাসীদের মোকাবিলায় গণমাধ্যমের সাহসী ভূমিকা চিরস্মরণীয়। সূত্র-**প্রথম আলো** (পৃ.১৬,ক.৪), **ভোরের কাগজ** (পৃ.৩,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৩,ক.২), **বাংলাদেশ টুডে** (পৃ.৩,ক.২)।

৬। **পিটিশনের মাধ্যমে প্রতিকার পাওয়া জনগণের অধিকার : স্পিকার**

জাতীয় গুরুত্বপূর্ণ বিষয়ে পিটিশনের মাধ্যমে প্রতিকার পাওয়া দেশের জনগণের সর্বোচ্চ নাগরিক অধিকার বলে মনে করেন জাতীয় সংসদের স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী। গতকাল ২৩ মে মঙ্গলবার জাতীয় সংদের পিটিশন কমিটির বৈঠকে সভাপতির বক্তব্যে তিনি এ মতামত প্রকাশ করেন। তিনি বলেন, সংবাদপত্র ইলেক্ট্রনিক ও অনলাইন মিডিয়া এবং জাতীয় সংসদের ওয়েবসাইটের মাধ্যমে বিষয়টি সাধারণ জনগণকে অবহিত করা যেতে পারে। জনগুরুত্বপূর্ণ বিষয়ে বা অন্য কোনো বিষয়ে কোনো ব্যক্তি প্রতিকার না পেলে পিটিশন কমিটির মাধ্যমে প্রতিকার পাওয়া তার সর্বোচ্চ নাগরিক অধিকার। সূত্র-**ভোরের কাগজ** (পৃ.৭,ক.৫), **ইত্তেফাক** (পৃ.১৫,ক.৫)।

৭। **পবিত্র রমজানে গরুর মাংসের কেজি ৪৭৫ টাকা নির্ধারণ করে**
**ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের মূল্য ঘোষণা**

আসন্ন রমজান মাস উপলক্ষে গরুর মাংস কেজিপ্রতি দাম ৪৭৫ টাকা নির্ধারণ করা হয়েছে। এছাড়া বোল্ডার বা বিদেশি গরুর মাংসের দাম ৪৪০ টাকা, মহিষ ৪৪০ টাকা, খাসি ৭২৫ টাকা ও ভেড়া বা ছাগীর মাংস প্রতি কেজি ৬২০ টাকা নির্ধারণ করা হয়েছে। গতকাল ২৩ মে মঙ্গলবার মাংস ব্যবসায়ী সমিতির সঙ্গে মতবিনিময় শেষে ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের (ডিএসসিসি) মেয়র মোহাম্মদ সাঈদ খোকন এই দাম ঘোষণা করেন। একই সঙ্গে কোনো মাংস ব্যবসায়ী নির্ধারিত এই দাম না মানলে তার বিরুদ্ধে আইনগত সিদ্ধান্ত নেওয়া হবে বলেও জানানো হয়। সূত্র-**যুগান্তর** (পৃ.২,ক.২), **সংবাদ** (শেষ পৃ.,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৩,ক.১), **ডেইলি সান** (শেষ পৃ.,ক.৫)।

৮। **পবিত্র রমজান ও ঈদে চাঁদাবাজি করলে কঠোর শাস্তিমূলক ব্যবস্থা নেওয়া হবে : আইজিপি**

আসন্ন রমজান ও ঈদুল ফিতরকে কেন্দ্র করে সব ধরনের চাঁদাবাজি বন্ধে তৎপর থাকার জন্য পুলিশ কর্মকর্তাকে নির্দেশ দিয়েছেন বাংলাদেশ পুলিশের ইন্সপেক্টর জেনারেল এ কে এম শহীদুল হক। তিনি বলেন, কোনো পুলিশ সদস্যের বিরুদ্ধে চাঁদাবাজির অভিযোগ পাওয়া গেলে তার বিরুদ্ধে কঠোর শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে। আইজিপি গতকাল ২৩ মে মঙ্গলবার পুলিশ হেডকোয়ার্টার্সের সম্মেলন কক্ষে রমজান ও ঈদুল ফিতর উপলক্ষে আইনশৃঙ্খলা এবং ট্রাফিক ব্যবস্থাপনা সংক্রান্ত সভায় সভাপতিত্বকালে এ নির্দেশ দেন। সূত্র-সংবাদ (পৃ.১৫,ক.৪), যুগান্তর ( পৃ.১৭,ক.১), বাংলাদেশ টুডে (পৃ.১,ক.১), ফিনানশিয়াল **এক্সপ্রেস (পৃ.১,ক.১)**।

৯। **প্রধান শিক্ষকের দায়িত্ব পাচ্ছেন ১৬ হাজার সহকারী শিক্ষক**

দেশের ২১ হাজার সরকারি প্রাথমিক বিদ্যালয়ে কোনো প্রধান শিক্ষক নেই। এই শূন্যতা কাটাতে এবার উদ্যোগ নিয়েছে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়। শূন্য ২১ হাজার পদের মধ্য থেকে তাই চলতি দায়িত্বে (কারেন্ট চার্জ) ১৬ হাজার সহকারী শিক্ষককে প্রধান শিক্ষকের দায়িত্ব দেওয়া হচ্ছে। গতকাল ২৩ মে মঙ্গলবার ঢাকা জেলার ৮৭ জনকে এ পদে নিয়োগ দিয়ে এ আদেশ জারি করা হয়েছে। সচিবালয়ে গতকাল ২৩ মে মঙ্গলবার প্রাথমিক শিক্ষক সমিতির নেতাদের সঙ্গে এক বৈঠক শেষে সংবাদ সম্মেলনে প্রাথমিক ও গণশিক্ষামন্ত্রী মোস্তাফিজুর রহমান এ কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.১৯,ক.৫), **জনকণ্ঠ** (পৃ.১,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৩,ক.৬), **ডেইলি সান** (পৃ.২,ক.৬)।

১০। **রামপাল বিদ্যুৎ প্রকল্প বাস্তবায়নে ইউনেসকোর সমর্থন চেয়েছে বাংলাদেশ**

বিশ্ব ঐতিহ্য (ওয়ার্ল্ড হেরিটেজ) তালিকা থেকে সুন্দরবনের নাম বাদ দেওয়ার আলোচনার প্রেক্ষাপটে সুন্দরবন সংলগ্ন রামপাল বিদ্যুৎ প্রকল্প বাস্তবায়নে ইউনেসকোর ওয়ার্ল্ড হেরিটেজ কমিটির সমর্থন চেয়েছে বাংলাদেশ। গতকাল ২৩ মে মঙ্গলবার ফ্রান্সের রাজধানী প্যারিসে ইউনেসকোর সদর দফতরে প্রধানমন্ত্রীর বিদ্যুৎ জ্বালানি ও খনিজ সম্পদ বিষয়ক উপদেষ্টা ড. তৌফিক-ই-ইলাহী চৌধুরীর নেতৃত্বে উচ্চ পর্যায়ের একটি প্রতিনিধি



দল ইউনেসকোর ওয়ার্ল্ড হেরিটেজ কমিটির কাছে সুন্দরবনের কাছে রামপালে কয়লাভিত্তিক বিদ্যুৎকেন্দ্র নির্মাণের যুক্তি তুলে ধরে প্রকল্পটি এগিয়ে নেওয়ার পক্ষে সমর্থন চায়। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.২), **সমকাল** ( পৃ.২,ক.৪), **অবজারভার (শেষ** পৃ.,ক.৫), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.৩,ক.৪)।

## সম্পাদকীয়

ক. **ইত্তেফাক :** ২০১৩ সালের প্রাথমিক সমাপনীতে অংশ নেওয়া শিক্ষার্থীদের মধ্যে ৫ লাখ কম শিক্ষার্থী এবার জেএসসি পরীক্ষায় অংশ নেওয়ার খবরে উদ্বেগ প্রকাশ করে শিক্ষার্থীদের এরকম ঝরে পড়া রোধে যথাযথ পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

খ. **সংবাদ, যায়যায়দিন :** রাজশাহী মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডের অধীনে সদ্য শেষ হওয়া এইচএসসি পরীক্ষার কিছু উত্তরপত্র শিক্ষার্থীদের দিয়ে দেখানো হয়েছে এ অভিযোগ আমলে নিয়ে শিক্ষা, দেশ ও জাতির স্বার্থে এ ধরনের কর্মকাণ্ড বন্ধে দ্রুত পদক্ষেপ নেওয়ার দাবি।

গ. **জনকণ্ঠ :** সরকার বেসরকারি শিক্ষক-কর্মচারীদের জন্য অবসর সুবিধা ও কল্যাণ ভাতা বাবদ ৬৫০ কোটি টাকা অনুদান দেওয়ায় স্বাগত জানিয়ে তা দ্রুত বাস্তবায়ন হবে বলে প্রত্যাশা ব্যক্ত।

ঘ. **প্রথম আলো :** রাজধানীসহ দেশের বিভিন্ন জেলায় হঠাৎ হামের প্রকোপ বিশেষ করে শিশুদের মধ্যে বাড়ায় উদ্বেগ প্রকাশ করে অবিলম্বে এর কারণ অনুসন্ধান করে কার্যকর ব্যবস্থা নেওয়ার ওপর গুরুত্বারোপ।

ঙ. **ভোরের কাগজ :** প্রধানমন্ত্রী শেখ হাসিনা সৌদি আরবে আরব-ইসলামিক-আমেরিকান সম্মেলনে জঙ্গিদের অস্ত্র ও অর্থায়নের জোগান বন্ধে বৈশ্বিক উদ্যোগ গ্রহণের যে আহ্বান জানিয়েছেন তা খুবই তাৎপর্যপূর্ণ উল্লেখ করে জঙ্গিবাদের বিরুদ্ধে শান্তিকামী বিশ্বের ঐক্যবদ্ধ প্রচেষ্টার কোনো বিকল্প নেই বলে মত প্রকাশ।

চ. **ইন্ডিপেনডেন্ট :** রাজধানীসহ সারা দেশে সড়কে জানমালের নিরাপত্তায় গণপরিবহণ চলাচলে সুষ্ঠু নীতিমালা প্রণয়নের দ্বারা জনসাধারণের দুর্ভোগ লাঘবের সুপারিশ।

ছ. **ডেইলি সান :** রাজধানীসহ প্রায় সব শপিং মলের ভিতরের ফুটপাত ও খোলা জায়গা দোকানদার, হকার ও ফেরিওয়ালার দখলে থাকায় জনগণের চলাচলে বিশৃঙ্খলা তৈরি হওয়ায় হকারদের জন্য রাজধানীর বিভিন্ন স্থানে 'হকার জোন' তৈরি করে এ সংকট সমাধানের প্রত্যাশা।

জ. **নিউজ টুডে :** নারী ও শিশু নির্যাতন সংক্রান্ত মামলার নিষ্পত্তিতে কঠোর আইনি ব্যবস্থা নেওয়া হলে এসব ঘটনা ঘটার সংখ্যা কমে আসার প্রত্যাশা।

ঝ. **নিউ নেশন, নিউ এজ :** বিদ্যালয়ের মাধ্যমিক শিক্ষা পর্যায়ে ছাত্র শিক্ষক অনুপাত বর্তমানে ৩০ থেকে ৪২:১ এবং সরকারি স্কুলে এ অনুপাত ১০৩:১ হওয়ার চিত্র তুলে ধরে শিক্ষার মনোন্নয়নে সরকারি নীতি ও কার্যক্রমে প্রয়োজনীয় পরিবর্তন আনার ওপর গুরুত্বারোপ।

ঞ. **ফিনানসিয়াল এক্সপ্রেস :** দেশের স্বর্ণ ব্যবসা খাতে বৈধ পদ্ধাতিতে স্বর্ণ ও হীরা আমদানির ব্যবস্থা করে এ ব্যবসাকে নিয়ন্ত্রণে আনার সুপারিশ করে সম্পাদকীয় প্রকাশ করেছে।

## উপ-সম্পাদকীয়

**আমাদের সময়** পত্রিকায় প্রকাশিত কলামে শুদ্ধ রাজনৈতিক চর্চা পরিশুদ্ধ রাজনীতিকদের পক্ষেই সম্ভব বলে উল্লেখ করা হয়েছে।

## নিবন্ধ ও ফিচার

**সংবাদ** পত্রিকায় প্রকাশিত **'সচেতনতা বাড়াবে শিশুর চোখ'** শিরোনামের নিবন্ধে আফরোজা নাজনীন শিশুদের চোখ ও চোখের দৃষ্টি ভালো রাখতে নিয়মিত কার্বোহাইড্রেট, প্রোটিন, চর্বি, খনিজ লবণ, পানি ও ভিটামিন

জাতীয় খাবার প্রয়োজনীয় পরিমাণ খেতে হবে বলে অভিমত প্রকাশ করেছেন

#

ডালিয়া/শুকলা/মরজিনা/সাঈদা/রশীদ/তানিয়া/২০১৭/৯.০০ ঘণ্টা